

## ❖ কৃষি সংবাদ ❖



সেমিনারে সভাপতিত্ব করেন ড. আবুল কালাম আযাদ

### বিএআরসিতে দুটি নতুন প্রযুক্তি বিষয়ে সেমিনার

এম আব্দুল মোমিন

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) মিলনায়তনে বৃহস্পতিবার বি উদ্ভাবিত দুটি নতুন প্রযুক্তি ধানে ও গমে ব্লাস্ট রোগের ক্রস সংক্রমণ সংক্রান্ত গবেষণার ফলাফল ও বি মিনি কম্বাইন হারভেস্টরের পরিচিতি বিষয়ে এক সেমিনারের আয়োজন করা হয়। বিএআরসির নির্বাহী চেয়ারম্যান ড. আবুল কালাম আযাদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (গবেষণা) সনৎ কুমার সাহা ও বিএআরসির সদস্য পরিচালক ড. পরেশ চন্দ্র গোলদার। বক্তব্য রাখেন বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের পরিচালক (গবেষণা) ড. মো. আনছার আলী সহ নার্স সিস্টেমের অন্তর্ভুক্ত বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট বিজ্ঞানীরা। সেমিনারে ব্রিতে পাওয়া ধানে ও গমে ব্লাস্ট রোগের ক্রস সংক্রমণ সংক্রান্ত গবেষণার ফলাফল বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ব্রির উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা আবুল মনসুর ও বি মিনি কম্বাইন হারভেস্টের বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন খামার যান্ত্রিকীকরণ বিভাগের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা বিধান চন্দ্র নাথ। সেমিনারে জানানো হয়, সাম্প্রতিক সময়ে বহুল আলোচিত গমের ব্লাস্ট রোগের জীবাণু ধানে ক্রস সংক্রমণের প্রমাণ পাওয়া যায়নি এবং বাংলাদেশের জমির আকার ছোট হওয়ায় বি উদ্ভাবিত মিনি কম্বাইন হারভেস্টের মেশিনটি কৃষক পর্যায়ে জনপ্রিয়তা পাবে। সেমিনারে নার্স সিস্টেমের অন্তর্ভুক্ত বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট বিজ্ঞানী ও বিভিন্ন কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।